

শিক্ষা লাভের জন্য ক্যামডেন একটি দারুণ জায়গা। আমাদের স্কুলের স্টাফরা শিশুদের সেরা শিক্ষা দেওয়ার জন্য প্রতিদিন কঠোর পরিশ্রম করেন, এজন্য আমরা আমাদের চমৎকার স্কুল ও স্টাফদের জন্য গর্বিত।

আমরা চাই ক্যামডেনের প্রতিটি শিশু যেন তার প্রয়োজন উপযোগী একটি স্থানীয় স্কুলে পড়ার সুযোগ পায়, যেখানে শ্রেণিকক্ষে পর্যাপ্ত জায়গা থাকবে এবং তারা শেখার, বন্ধুত্ব গড়ে তোলার ও সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য সর্বোত্তম পরিবেশ পাবে।

ক্যামডেন এবং পুরো লন্ডনের স্কুলগুলো ক্রমবর্ধমান আর্থিক চাপের মুখোমুখি হচ্ছে।

জন্মহার হ্রাস পাওয়া এবং অনেক পরিবার লন্ডনের বাইরে চলে যাওয়ার কারণে স্কুলে ভর্তি হওয়ার মতো শিশুর সংখ্যা কমে যাচ্ছে; যার ফলে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাচ্ছে এবং স্কুলগুলোতে আসন খালি থেকে যাচ্ছে।

প্রতিটি খালি আসনের কারণে প্রাইমারি স্কুলগুলো বছরে গড়ে ৭,৫০০ পাউন্ড এবং সেকেন্ডারি স্কুলগুলো বছরে গড়ে ৯,৭০০ পাউন্ডের অত্যাবশ্যকীয় সরকারি অনুদান হারাচ্ছে।

একটি কাউন্সিল হিসাবে, পর্যাপ্ত সংখ্যক মানসম্মত ও দীর্ঘমেয়াদের টেকসই স্কুলের আসন নিশ্চিত করা এবং সেই আসনগুলো দক্ষতার সাথে পরিচালনা করা আমাদের দায়িত্ব।

শিক্ষার্থীর সংখ্যা কমে যাওয়ায়, স্কুলগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আমাদের এই বিষয়টি সামাল দিতে হবে।

আমাদের স্কুল সাফিসিয়েন্সি প্রোগ্রামের [স্কুলের পর্যাপ্ততা কর্মসূচি] অংশ হিসেবে বিগত এক বছর ধরে আমরা এই সমস্যাগুলোর দ্বারা বিশেষভাবে প্রভাবিত স্কুলগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছি, যাতে তারা এই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করতে পারে।

সবার আন্তরিক প্রচেষ্টা সত্ত্বেও, চারটি স্কুল ধারাবাহিকভাবে সবচেয়ে তীব্র ও দীর্ঘস্থায়ী চাপের মুখোমুখি হচ্ছে - যার মধ্যে রয়েছে:

- অনেক আসন খালি থাকা
- শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাওয়া
- অতিরিক্ত খালি আসন, এবং
- ক্রমবর্ধমান আর্থিক চাপ।

এই স্কুলগুলো হলো:

- সেন্ট অ্যালবানস চার্চ অব ইংল্যান্ড প্রাইমারি স্কুল [St Alban's Church of England Primary School]
- সেন্ট জোসেফস ক্যাথলিক প্রাইমারি স্কুল [St Joseph's Catholic Primary School]
- সেন্ট প্যাট্রিক্স ক্যাথলিক প্রাইমারি স্কুল [St Patrick's Catholic Primary School]
- লা সেন্ট ইউনিয়ন ক্যাথলিক সেকেন্ডারি স্কুল [La Sainte Union Catholic Secondary School]

পরবর্তী পদক্ষেপ নিয়ে আলোচনার জন্য আমরা তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছি।

১২ অক্টোবর ২০২৬ তারিখে আমরা একটি প্রতিবেদন প্রকাশ করেছি। উক্ত প্রতিবেদনে এই স্কুলগুলোর ভবিষ্যতের ব্যাপারে পরামর্শ গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

২০ অক্টোবর, ক্যামডেন কাউন্সিলের ক্যাবিনেট সদস্যরা - অর্থাৎ কাউন্সিলের নেতৃস্থানীয় কাউন্সিলরদের গ্রুপ এই প্রতিবেদনটি বিবেচনা করার জন্য একটি মিটিং করবেন এবং উল্লিখিত পরামর্শ গ্রহণের প্রক্রিয়া এগিয়ে নেওয়া হবে কি না, সে বিষয়ে সিদ্ধান্ত নিবেন।

উক্ত মিটিংয়ে গৃহীত সিদ্ধান্ত এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে স্কুল কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট অংশীদারদেরকে আমরা ২১শে অক্টোবর হালনাগাদ [আপডেট] তথ্য প্রদান করব।

যদি এই পরামর্শ প্রক্রিয়া এগিয়ে যায়, তবে তা সম্ভবত ২ নভেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত চলবে।

এরপর প্রতিটি স্কুলের জন্য আলাদাভাবে পরামর্শ প্রক্রিয়া অনুষ্ঠিত হবে এবং বিভিন্ন বিকল্প বিষয়ে পরিবারগুলোর কাছ থেকে মতামত নেওয়া হবে।

পরামর্শ প্রক্রিয়া যদি এগিয়ে যায়, তবে প্রতিটি স্কুলের জন্য প্রস্তাবিত পরামর্শের অপশন নিচে দেওয়া হলো:

সেন্ট অ্যালবানস চার্চ অব ইংল্যান্ড প্রাইমারি স্কুলের [St Alban's Church of England Primary School] জন্য অপশন:

- প্রকাশিত ভর্তির সংখ্যা (PAN বা পাবলিশড এডমিশন নাম্বার) হ্রাস করা
- সেন্ট অ্যালবানস স্কুল বন্ধ করে ক্যামডেনের অন্য একটি প্রাইমারি স্কুলের সাথে এটিকে একত্রিত করা এবং শিক্ষার্থীদের সেই স্কুলে স্থানান্তরিত করা
- স্কুলটি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া

সেন্ট জোসেফস ক্যাথলিক প্রাইমারি স্কুলের [St Joseph's Catholic Primary School] জন্য অপশন:

- প্রকাশিত ভর্তির সংখ্যা (PAN বা পাবলিশড এডমিশন নাম্বার) হ্রাস করা
- স্কুলটি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া

সেন্ট প্যাট্রিক্স ক্যাথলিক প্রাইমারি স্কুলের [St Patrick's Catholic Primary School] জন্য অপশন:

- প্রকাশিত ভর্তির সংখ্যা (PAN বা পাবলিশড এডমিশন নাম্বার) হ্রাস করা
- সেন্ট প্যাট্রিক্স স্কুল বন্ধ করে ক্যামডেনের অন্য একটি প্রাইমারি স্কুলের সাথে এটিকে একত্রিত করা এবং শিক্ষার্থীদের সেই স্কুলে স্থানান্তরিত করা
- স্কুলটি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া

লা সেন্ট ইউনিয়ন ক্যাথলিক সেকেন্ডারি স্কুলের [La Sainte Union Catholic Secondary School] জন্য অপশন:

- প্রকাশিত ভর্তির সংখ্যা (PAN বা পাবলিশড এডমিশন নাম্বার) হ্রাস করা
- অন্য একটি সেকেন্ডারি স্কুলের সাথে ফেডারেশন গঠন করা [যৌথভাবে পরিচালিত করা]
- শুধুমাত্র ৭ম থেকে একাদশ বর্ষের শিক্ষার্থীদের জন্য স্কুলের কার্যক্রম বন্ধ করা এবং ১৬ বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের (দ্বাদশ থেকে ত্রয়োদশ/চতুর্দশ বর্ষ) জন্য শিক্ষা কার্যক্রম বজায় রাখা ও পুনর্গঠন করা।
- স্কুলের ৭ম থেকে ত্রয়োদশ/চতুর্দশ বর্ষের শিক্ষা কার্যক্রম সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া

যদি পরামর্শ প্রক্রিয়া এগিয়ে যায়, তবে সকল মা-বাবা ও কেয়ারার যেন তাদের মতামত প্রকাশ করার সুযোগ পান, তা নিশ্চিত করতে আমরা বর্তমানে একটি পরিকল্পনা তৈরিতে কাজ করছি।

আমরা জানি, এই সংবাদ শুনতে কষ্ট লাগবে। কিন্তু পরিস্থিতি আরো খারাপ হওয়া ঠেকাতে এবং বর্তমানে ও ভবিষ্যতে সব শিশুর জন্য আমাদের শক্তিশালী স্থানীয় শিক্ষাব্যবস্থা সুরক্ষিত রাখতে এখনই পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

প্রতিটি স্কুলের জন্য প্রস্তাবিত পরামর্শ গ্রহণের অপশন, প্রশ্নোত্তর এবং যোগাযোগের তথ্যসহ আরও বিস্তারিত জানতে ভিজিট করুন - camden.gov.uk/SchoolProposals

আমরা ২১শে অক্টোবর আরেকটি আপডেট প্রদান করব।